CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC(CBCS)/EVEN/SEM/**
**BNGHCC–602T/007**

**TDC (CBCS) Even Semester Exam.,**
**September—2021**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGHCC–602T

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Candidates have to answer *either* from Option—A *or* from Option—B

## OPTION—A

Course No. : BNGHCC–602T (A)

**( সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা )**

( বিশেষ পত্র )

### SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'নাট্যশাস্ত্র'-এ নাটককে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? অ্যারিস্টটল তাঁর 'পোয়েটিক্স' গ্রন্থের কোন্ অধ্যায়ে ট্র্যাজেডির সংজ্ঞা নির্দেশ করেছেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। ট্র্যাজেডির নায়কের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩। একটি ট্র্যাজেডি নাটকের উদাহরণ দাও। 'পোয়েটিক্‌স' গ্রন্থের কত সংখ্যক অধ্যায়ে মহাকাব্য ও ট্র্যাজেডির তুলনামূলক আলোচনা রয়েছে?

৪। অ্যারিস্টটল ট্র্যাজেডিকে কেন মহাকাব্যের তুলনায় মহৎ শিল্পকর্ম মনে করেছেন?

৫। রোমান্টিসিজমের সংজ্ঞা দাও।

৬। রোমান্টিসিজমের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৭। ক্লাসিক সাহিত্যের সঙ্গে রোমান্টিক সাহিত্যের দুটি পার্থক্য লেখো।

৮। ক্লাসিসিজমের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৯। আধুনিকতার দুটি পর্যায় উল্লেখ করো।

১০। আধুনিকতাবাদী দুজন তাত্ত্বিকের নাম লেখো।

১১। নারী-চেতনাবাদের যে কোনো দুজন তাত্ত্বিকের নাম লেখো।

১২। নারী-চেতনাবাদী তত্ত্বের দ্বিতীয় তরঙ্গের একজন তাত্ত্বিকের নাম লেখো। *The Second Sex* গ্রন্থটি কার লেখা?

১৩। রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য-বিষয়ক দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৪। রবীন্দ্রনাথ তাঁর 'আধুনিক সাহিত্য' গ্রন্থে কবি বিহারীলালকে 'ভোরের পাখী' বলেছেন কেন?

১৫। 'বঙ্গদর্শন' পত্রিকাটি কে সম্পাদনা করেন? পত্রিকাটিকে রবীন্দ্রনাথ কীসের সঙ্গে তুলনা করেছেন?

১৬। 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধে রবীন্দ্রনাথ বঙ্কিমচন্দ্রকে কী বলে সম্বোধন করেছেন?

১৭। 'সাহিত্যচর্চা' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়? এতে কয়টি প্রবন্ধ রয়েছে?

১৮। বুদ্ধদেব বসুর যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

১৯। 'বাংলা শিশুসাহিত্য' প্রবন্ধে মোট কয়টি যুগের উল্লেখ রয়েছে ও কী কী?

২০। 'রামায়ণ' প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত? প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২১। ট্র্যাজেডিতে কাহিনি ও চরিত্রের পারস্পরিক সম্পর্কের একটি আলোচনা প্রস্তুত করো।

২২। ট্র্যাজেডিতে ক্যাথারসিসের গুরুত্ব বা তাৎপর্য সম্পর্কে বিশদ বিবরণ দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৩। রোমান্টিসিজমের উদ্ভব ও তার লক্ষণসমূহ আলোচনা করো।

২৪। ক্লাসিসিজম এবং রোমান্টিসিজমের পার্থক্য আলোচনা করো।

২৫। আধুনিকতাবাদ তত্ত্বের প্রধান লক্ষণগুলি উল্লেখ করে প্রতীচ্যের তাত্ত্বিকদের মতামতগুলির বিবরণ দাও।

২৬। ‘‘পিতৃতান্ত্রিক একাধিপত্যকে প্রত্যাহ্বান জানিয়েই নারী-অস্তিত্বের পরিসর নির্মাণের ক্ষেত্র প্রস্তুত হতে পারে।’’ এই মন্তব্যের আলোকে নারী-চেতনাবাদী তত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।

২৭। ‘আধুনিক সাহিত্য’ গ্রন্থের ‘বিহারীলাল’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ‘সারদামঙ্গল’-এর আলোচনায় যে বৈশিষ্ট্যের কথা বলেছেন তা আলোচনা করো।

২৮। রবীন্দ্রনাথের মতে সঞ্জীবচন্দ্রের গদ্য রচনায় বিশেষত, ‘পালামৌ’-এ অনেক গুণ থাকলেও একটি গুণের অভাব বড়ই প্রকট, তা গৃহিণীপনা। এর তাৎপর্য নিজের ভাষায় বুঝিয়ে দাও।

২৯। ‘বাংলা শিশু সাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে শিশু সাহিত্যের বিকাশের ইতিহাস লিপিবদ্ধ করো।

৩০। বুদ্ধদেব বসুর প্রবন্ধ অবলম্বনে ‘রামায়ণ’-এর বিশেষত্ব বিশ্লেষণ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## OPTION—B

### Course No. : BNGHCC–602T (B)

### ( পূর্বোত্তর ভারতের বাংলা সাহিত্য )

### SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্যসংকলনটি প্রথম কবে প্রকাশিত হয়? গ্রন্থটির প্রকাশক কে?

২। শক্তিপদ ব্রহ্মচারী বরাক উপত্যকার কোন্ মহাবিদ্যালয়ে অধ্যাপনা করতেন? তাঁর পাঠ্য কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

৩। সন্ন্যাসজীবন গ্রহণের পূর্বে কবি পরমানন্দ সরস্বতীর নাম কী ছিল? তাঁর একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। অশোকবিজয় রাহার জন্মস্থান কোথায়? তাঁর একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৫। বিমল সিংহের 'লংতরাই' উপন্যাসটি কোন্ প্রকাশন সংস্থা থেকে, কবে প্রথম প্রকাশিত হয়?

৬। জনজাতীয় জীবনে 'দোয়াইনক'-এর ভূমিকা সম্পর্কে সংক্ষেপে লেখো।

৭। 'লংতরাই' উপন্যাসে কোন্ আদিবাসী জনগোষ্ঠীর যাপনকথা উঠে এসেছে? সাজেরুঙ-এর প্রেমিকের নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। 'আয়ুংমাই' কী? 'আয়ুংমাই' কোন্ অমঙ্গলের বার্তা নিয়ে আসে?

৯। 'বরাকের গল্পসংগ্রহ' (প্রথম খণ্ড) গ্রন্থটির সম্পাদক কে? এটি কবে প্রথম প্রকাশিত হয়?

১০। 'বরাকের গল্পসংগ্রহ' গ্রন্থের প্রথম খণ্ডে মোট কয়টি গল্প সংকলিত হয়েছে? সংকলনের প্রথম গল্পটি কার লেখা?

১১। 'বন্দিনী কথা' গল্পটি রণবীর পুরকায়স্থ-র কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত? এই গল্পের কথক চরিত্রের মেয়ে দুটির নাম কী কী?

১২। বদরুজ্জমান চৌধুরীর লেখা একটি গল্পগ্রন্থের নাম লেখো। পাতাবিবির স্বামীর নাম কী?

১৩। 'গুণধরের অসুখ' ব্যতিরেকে প্রদ্যোৎ চক্রবর্তীর একটি নাটকের নাম লেখো। 'গুণধরের অসুখ' নাটকটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?

১৪। কলকাতার কোন্ নাট্যদল 'গুণধরের অসুখ' নাটকটির সফল মঞ্চায়ন করেছে? কত সালে নাটককার 'সত্যেন মিত্র' পুরস্কার পান?

১৫। 'গুণধরের অসুখ' নাটকে কয়টি দৃশ্য রয়েছে? নাটকটি প্রথম কোথায় অভিনীত হয়?

১৬। গুণধরের বাবার নাম কী? তাঁর দোকানটি কোথায় অবস্থিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৭। সুজিৎ চৌধুরীর জন্মস্থান কোথায়? তাঁর পিতার নাম কী?

১৮। 'হারানো দিন হারানো মানুষ' স্মৃতিকথাটি গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়? এই গ্রন্থে কয়টি পর্ব রয়েছে?

১৯। "বর্ষায় স্কুলটা একটা দ্বীপে পরিণত হত।" স্কুলটির নাম কী? এটি কোথায় অবস্থিত?

২০। বালক সুজিৎ অক্ষরজ্ঞানের পর্বে কোন্ গ্রন্থটি পাঠ করেছিলেন? এই গ্রন্থটি কে তাঁর হাতে ধরিয়ে দিয়েছিলেন?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২১। "অশোকবিজয় রাহার কবিতার প্রধান আধেয় রোমান্টিকতা।"—'একটি সন্ধ্যা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

২২। " 'শৈশবের সবুজ শহর' সম্পর্কে মুগ্ধতা শুধু নয়, এই কবিতায় বিশেষভাবে চোখে পড়ে চিত্ররূপ সৃজনে কবির অনায়াস দক্ষতাও।" এই মন্তব্যের আলোকে 'জন্মভূমি, তোমাকে ভুলিনি' কবিতাটির শিল্পসৌকর্য বিশ্লেষণ করো।

২৩। 'লংতরাই' উপন্যাসে আদিবাসী গোষ্ঠীজীবনের যে চালচিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

২৪। 'লংতরাই' উপন্যাসে শ্রেণিশোষণের যে চিত্র ধরা পড়েছে সে বিষয়ে আলোকপাত করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৫। 'মানুষ' গল্পটিতে দারিদ্র্যের যে মর্মন্তুদ ছবি রয়েছে সে সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

২৬। 'বন্দিনী কথা' গল্পের নামহীনা কথকের ব্যক্তিজীবনের বাস্তব আখ্যানটি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

২৭। 'গুণধরের অসুখ' নাটকে গুণধরের বাবা চরিত্রটি বিশ্লেষণ করো।

২৮। 'গুণধরের অসুখ' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

২৯। 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে পাইলগাঁওয়ের স্কুলবাড়ি ও তার পারিপার্শ্বিকের যে বর্ণনা রয়েছে তা নিজের ভাষায় লেখো।

৩০। সুজিৎ চৌধুরীর পিতার পড়াশোনা, বিবাহ এবং রাজনৈতিক জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

***